

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



তারিখ: ৩০/০৭/২০১৯ খ্রি.

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.১৬৫.১৯- ৩০৬৭

বিষয়: মিড-ডে মিল চালুকরণ সংক্রান্ত।

শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের জন্য মিড-ডে মিল বা মধ্যাহ্ন ভোজের ব্যবস্থা থাকলে শিখন-শেখানো কার্যক্রম অধিকতর ফলপ্রসূ হয়। বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার তাঁর জেলার যে সকল স্কুলে মিড-ডে মিল চালু করতে আগ্রহী তার একটি তালিকা প্রস্তুত করবেন।

যে সকল স্কুল মিড-ডে মিল চালু করবে তাদেরকে ন্যূনতম নিম্নবর্ণিত শর্ত পালন করতে হবে:

- ক) কেবল আগ্রহী শিক্ষার্থীদের জন্য মিড-ডে মিলের ব্যবস্থা করা।
- খ) কেবল আগ্রহী শিক্ষার্থীদের নিকট থেকে প্রতি মিলের জন্য অনূর্ধ্ব ২০/- (বিশ) টাকা গ্রহণ করা যাবে।
- গ) স্বাস্থ্যসম্মত রান্নার জায়গার ব্যবস্থা থাকা।
- ঘ) রান্না, বাজার ও পরিবেশন করার জন্য জনবলের ব্যবস্থা থাকা।

উপরিউক্ত বিষয় বিবেচনা করে আপনার জেলার যে সকল প্রতিষ্ঠান মিড-ডে মিল চালু করতে আগ্রহী তার একটি তালিকা আপনার মতামতসহ আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

৩০-০৭-১৯  
(প্রফেসর ড. মোঃ আবদুল মান্নান)  
পরিচালক (মাধ্যমিক)  
ফোন: ৯৫৫৪৫৬৫

জেলা শিক্ষা অফিসার, (সকল জেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব(মাধ্যমিক-১/২))
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)।
- ০৫। সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি (সকল বিদ্যালয়)।
- ০৬। অধ্যক্ষ, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (সকল)।
- ০৭। প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয় (সকল)।
- ০৮। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৯। সংরক্ষণ নথি।